

## জেএসসি পরীক্ষার ফরম পূরণ নেত্রকোনায় শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়

■ নেত্রকোনা প্রতিনিধি  
সদর উপজেলার দক্ষিণ বিশিউড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মজিবুল ইসলামের বিরুদ্ধে জেএসসি পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষক অভিযোগ অস্বীকার করেছেন। গত ১০ জুলাই টাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড জেএসসি পরীক্ষা ২০১৭-এর ফি আদায়-সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করে। বিজ্ঞপ্তিতে জেএসসি পরীক্ষার ফি বাবদ ১০০, কেন্দ্র ফি ১৫০, বিলম্ব ফি ২৫ টাকাসহ মোট ২৭৫ টাকা ধার্য করে দেওয়া হয়। কিন্তু দক্ষিণ বিশিউড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মজিবুল ইসলাম প্রথমে এক হাজার টাকা করে ও পরে ৮০০ টাকা করে ছাত্রছাত্রীদের ফরম পূরণ বাবদ আদায় করছেন। ২০১৭ সালের জেএসসি পরীক্ষার ফি আদায়-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে প্রধান শিক্ষক নিজেই কম্পিউটার কম্পোজ করে ১০০ টাকার পরিবর্তে ৬০০ টাকা বসিয়ে নেন। এরই ভিত্তিতে ছাত্রছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করা হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ম্যানিজিং কমিটির এক সদস্য জানান, মিটিংয়ে প্রধান শিক্ষক এক হাজার টাকা করে ফি নির্ধারণের প্রস্তাব করলে আমরা সরকারি বিজ্ঞপ্তি দেখতে চাইলে তা দেখাতে তিনি ব্যর্থ হন। প্রধান শিক্ষক নিজেই বিজ্ঞপ্তি জালিয়াতি করে শিক্ষার্থীদের কাছ থেকে এই বাড়তি টাকা নিচ্ছেন। এদিকে দক্ষিণ বিশিউড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মজিবুল ইসলাম তার বিরুদ্ধে অভিযোগ অস্বীকার করে বলেন, বিদ্যালয়ের ম্যানিজিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বোর্ড ফি নির্ধারণ করা হয়েছে। স্থানীয় কিছু লোক বিদ্যালয়ের উন্নয়ন চায় না বলেই তারা আমার বিরুদ্ধে মিথ্যা প্রচার চালাচ্ছে। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান আবু বক্কর সিদ্দিক বলেন, পরীক্ষার ফি আদায় সংক্রান্ত মিটিংয়ে আমি ছিলাম না। অতিরিক্ত ফি আদায়ের বিষয়টি আমার জানা নেই। এ জন্য যথাযথ কর্তৃপক্ষ আছে। নেত্রকোনা জেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ওয়ালি উল্লাহ বলেন, বোর্ডের চিঠি জালিয়াতি সম্পর্কিত বিষয়টি আমার জানা নেই। অভিযোগ পেলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।